

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
www.mos.gov.bd

নং-১৮.০০.০০০০.০২৪.১১.০১৩.১৯-১৫৬

তারিখঃ ২৪ জুন, ২০২০ খ্রিঃ।

প্রজ্ঞাপন

নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌপরিবহন অধিদপ্তরের “ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার [গ্রেড-৩]” (৬ষ্ঠ গ্রেড) এর ০১টি স্থায়ী শূন্য পদে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১২.১২.২০১৯ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৩৫২.১৯-২৭৬ নং স্মারক পত্রে সুপারিশকৃত প্রার্থী জনাব মাহবুব আহমেদ, পিতা: মাহবুব উদ্দিন আহমেদ, মাতা: মাসুদা আহমেদ, গ্রাম: পারিল নওয়াধা, ডাকঘর: পারিল নওয়াধা, উপজেলা: সিংগাইর, জেলা: মানিকগঞ্জকে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ করা হলোঃ

২। শর্তাবলীঃ

- (ক) তাঁকে দুই বৎসর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তাঁকে চাকুরীতে বহাল রাখার অনুপযোগী বলে বিবেচিত হয়, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরী হতে অপসারণ করা যাবে।
- (খ) শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে চাকুরীতে স্থায়ী করা হবে।
- (গ) যদি তিনি বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করতে অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- (ঘ) চাকুরীর জ্যেষ্ঠতা সরকারী বিধি মোতাবেক নির্ধারিত হবে।
- (ঙ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে উল্লিখিত হয়নি এরূপ ক্ষেত্রে চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকুরী নিয়ন্ত্রিত হবে।
- (চ) ভবিষ্যতে পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করতে পারবে।
- (ছ) এই চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

৩। উপরোক্ত শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য হলে আগামী ২১ জুলাই, ২০২০ তারিখের মধ্যে মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর বরাবরে যোগদান পত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময় সীমার মধ্যে চাকুরীতে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে অসম্মত বিবেচনাপূর্বক এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
(এস এম শাহ্ হাবিবুর রহমান হাকিম)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৬১৭।
অপর পৃষ্ঠায় দৃষ্টব্য-

পূর্ব পৃষ্ঠা হতে-

নং-১৮.০০.০০০০.০২৪.১১.০১৩.১৯-১৫৬

তারিখঃ ২৪ জুন, ২০২০ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতা অনুসারে নহে):

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী সংখ্যার গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। সচিব মহোদয় একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। চীফ এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নৌপরিবহন মন্ত্রণালয়, চীফ এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ১১। অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। জনাব মাশরুফ আহমেদ, পিতা: মাহবুব উদ্দিন আহমেদ, মাতা: মাসুদা আহমেদ, গ্রাম: পারিল নওয়াধা, ডাকঘর: পারিল নওয়াধা, উপজেলা: সিংগাইর, জেলা: মানিকগঞ্জ।

২৪/৬/২০২০
(এস এম শাহ হাবিবুর রহমান হাকিম)
উপসচিব।